



# সোনালী ব্যাংক পিএলসি

বিশুদ্ধ ও স্মার্ট

শেরপুর শাখা, শেরপুর।

অর্থায়ন আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স হারেজ স্টোর, প্রোঃ মোঃ হারেজ আলী, পিতা: মৃত আক্কাছ আলী, মাতা- হাজেরা বেওয়া, চকপাঠক, শেরপুর টাউন, শেরপুর। স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ- চকপাঠক, ডাকঘরঃ শেরপুর, উপজেলাঃ শেরপুর সদর, জেলাঃ শেরপুর। এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২০/০৫/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা = ৬,৫৭,৩৭০/- (ছয় লক্ষ সাতান্ন হাজার তিনশত সত্তর টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন তফসিলভুক্ত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি ও তদোপরিস্থিত স্থাপনা অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে অগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

জেলা-শেরপুর, উপজেলা-শেরপুর সদর, মৌজা-শেরপুর, জে.এল নং-২৩

| খতিয়ান নং |            |          | খারিজ নং | দাগ নং |            |          | জমির পরিমাণ<br>শতাংশ |
|------------|------------|----------|----------|--------|------------|----------|----------------------|
| সি.এস      | এস.এ/আরওআর | বি.আর.এস |          | সি.এস  | এস.এ/আরওআর | বি.আর.এস |                      |
| ১০১৫       | ১১৬৯       | ৩২৪৪     | ১১৮২৪    | ৫১৬১   | ৯৫৪৭       | ১৪৬২৫    | ৪.০০                 |

মোয়াজি ৪.০০ শতাংশ সম্পত্তি ও তদোপরিস্থিত স্থাপনা

সম্পত্তির মালিকের নাম ও ঠিকানা : মোঃ হারেজ আলী, পিতা মৃত আক্কাছ আলী, চকপাঠক, শেরপুর টাউন, শেরপুর।  
বন্ধকী সম্পত্তির চৌহদ্দী: উত্তর-রাস্তা, দক্ষিণ-আসাদ আলী গং, পূর্ব-সিদ্দিক আলী, পশ্চিম-আব্দুল হাই মাস্টার।

১৪/০৭/২৫

দরপত্রের শর্তসমূহ :

- আগামী ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, শেরপুর শাখা, শেরপুর অথবা সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, শেরপুর এ রক্ষিত দরপত্র বাস্কে জমা দিতে হইবে। ঐ দিনই ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্কে খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হবে।
  - দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা তদোপরিস্থিত স্থাপনা (যখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্যে উল্লেখ করিতে হইবে।
  - দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল :
- | আর্নেস্ট মানি/ জামানতের পরিমাণ                                                    | অবশিষ্ট মূল্যে পরিশোধের সময়সীমা          |
|-----------------------------------------------------------------------------------|-------------------------------------------|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে                      | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে                   | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে |
- দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্যে নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং বাজেয়াপ্ত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
  - দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
  - দরপত্রদাতা এক বা একাধিক তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
  - নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
  - ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
  - কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
  - দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
  - নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

আপনাদের বিশুদ্ধ

(মোহাম্মদ শাহাদাত হোসেন)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)

মোবাইল- ০১৭৩০-৭৮০৯৯০

www.sonalibank.com.bd

শেরপুর শাখা, শেরপুর।

ফোন নম্বর: ০১৭৩০-৭৮০৯৯০

brsherpur@sonalibank.com.bd